দৈনিক জনকণ্ঠ

তারিখ .......
পৃষ্ঠা ...... কলাম ......

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষা স্থগিত

আগামী ৩০ অক্টোবর থেকে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের ১৯৯৭ সালের অনার্স সনাতন পার্ট-৩/৩য় বর্ষের (ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিলেবাস অনুযায়ী) পরীক্ষা অনিবার্য কারণবশত স্থগিত ঘোষণা করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মোঃ আবদুল হামিদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, স্থগিতকৃত পরীক্ষা আগামী ২২ ডিসেম্বর ২০০১ থেকে শুরু হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী বিজ্ঞপ্তি আকারে অচিরেই কলেজে প্রেরণসহ পত্রিকায় প্রকাশ করা হবে। খবর বিজ্ঞপ্তির।